দৈনিক ইনকিলাব

তারিখ 01 AUG 1992
পৃষ্ঠা ... কলাম ...

## শিক্ষাঙ্গন

### স্কুলে টুপির উপকারিতা

ঢাকা মহানগরীর নামকরা কয়েকটি প্রথম শ্রেণীর উচ্চ বিদ্যালয়ে মুসলিম ছাত্রদের জন্য টুপি পরাকে বাধ্যতামূলক করা হয়েছে। ফলে ছাত্রদের নিম্নলিখিত উপকার সাধিত হয়েছেঃ

১। ছাত্রদের নৈতিক চরিত্রের উন্নয়ন সাধিত হয়েছে।

২। এই টুপি পরিহিত ছাত্ররা সন্ত্রাসে অংশগ্রহণ করে না এবং নিজেরাও সন্ত্রাসের শিকার হয় না। ফলে ছাত্রদের জীবনের নিরাপত্তা বহুলাংশে নিশ্চিত হয়েছে।

৩। নৈতিকতা বর্জিত বখাটে ছেলেদের সাথে টুপি পরা ছাত্ররা মেশে না ফলে তাদের সময়ের অপচয় হয় না এবং লেখাপড়ায় অধিক মনোযোগ হয়।

৪। ধীর, শান্ত এবং পবিত্র মানসিকতা লাভ হওয়ায় তাদের স্মরণ শক্তি ও দায়িত্ব সচেতনতা বৃদ্ধি পেয়েছে। ফলে বোর্ডের চূড়ান্ত পরীক্ষায় মেধানুসারে এই ছাত্রদেরকে সবার শীর্ষে স্থান পেতে দেখা যাচ্ছে।

সুতরাং, ছাত্রদের জন্য টুপি পরাকে বাধ্যতামূলক করা অথবা 'মুসলিম ছাত্রদের টুপি পরতে আপত্তি নাই' এই মর্মে মাঝে মাঝে বিজ্ঞপ্তি দিয়ে তাদেরকে উৎসাহিত করার জন্য দেশের প্রতিটি বিদ্যালয়ের মাননীয় প্রধান শিক্ষকগণের কাছে আবেদন জানাচ্ছি। সমাজের জন্য এটা একটা মঙ্গলজনক পদক্ষেপ হবে।

—মোঃ রাজিউদ্দিন নোমানী এমএ।